

ঢাবির হলে গণরূপ প্রথা বাতিলের সিদ্ধান্ত

অনলাইন ডেক্স

১০ সেপ্টেম্বর,
২০২৪ ০৫:০১

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কঠি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে সব ধরনের গণরূপ প্রথা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার (৯ সেপ্টেম্বর)

প্রভোস্ত্র স্ট্যাভিং কমিটির সভায় এই সিদ্ধান্ত হয়।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের উপপরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান।

সহ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সায়মা হক বিদিশা ও কোষাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীও সভায় উপস্থিত ছিলেন।

প্রত্নোস্ত স্ট্যান্ডিং কমিটির সভায় ২২ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ক্লাস চালুসহ কয়েকটি বিষয়ে আলোচনা হয়। ক্লাস চালুর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রত্নোস্তদের নির্দেশ দেওয়া হয়েছে।

অন্য বিষয়গুলোর মধ্যে ২০১৭-১৮ ভর্তি সেশন ও পূর্ববর্তী সেশনের যেসব শিক্ষার্থীর স্নাতকোত্তর পরীক্ষা ইতিমধ্যে শেষ হয়েছে, তাঁদের ৩০ সেপ্টেম্বরের মধ্যে হল ত্যাগ করতে বলা হয়।

তা ছাড়া হলের গেমস রুমগুলোকে সহশিক্ষামূলক কার্যক্রমে ব্যবহার উপযোগী হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত হয়।

